কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 20 MAY 2026 ,WEDNESDAY | ২০ মে ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-167


## নজিরবিহীন সিদ্ধান্ত সরকারের, ওবিসি সংরক্ষণ ১৭ শতাংশ থেকে কমে ৭ শতাংশ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১৯ মে :** রাজ্যে ওবিসি সংরক্ষণ নিয়ে নজিরবিহীন পদক্ষেপ গ্রহণ করল রাজ্য সরকার।ওবিসি সংরক্ষণ ১৭ শতাংশ থেকে কমিয়ে করা হলো ৭ শতাংশ। মঙ্গলবার রাজ্যের অনগ্রসর কল্যাণ দপ্তরের জারি করা বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৬৬টি জাতি উচ্চশিক্ষায় ভর্তি এবং রাজ্য সরকারের চাকরিতে ৭ শতাংশ সরক্ষণের সুবিধা পাবেন। রাজ্যের ওবিসি সংরক্ষণ ১৭ শতাংশ থেকে কমে ৭ শতাংশ করা হচ্ছে। রাজ্য সরকার সূত্রে খবর , তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির বাইরে থাকা প্রকৃত অনগ্রসররাই এই সুবিধা পাবেন। এর জন্য ৬৬টি জাতির তালিকাও প্রকাশ ও হয়েছে। রাজ্যের সরকারি চাকরি এবং উচ্চশিক্ষায় ভর্তির ক্ষেত্রে এই নিয়ম কার্যকর হচ্ছে বলে জানা গেছে।

## জয়গাঁ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ২৪ ঘন্টা পরিষেবা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ মে :** আগামীকাল থেকে জয়গাঁ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ২৪ ঘণ্টা পরিষেবা পাবে এলাকার বাসিন্দারা আজ জয়গাঁ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন করে এই কথা জানান কালচিনি বিধায়ক বিশাল লামা। এদিন কালচিনি বিধায়ক বিশাল লামা কালচিনি বিধানসভার লতাবাড়ি গ্রামীণ হাসপাতাল ও জয়গাঁ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন করেন তার সাথে ছিলেন কালচিনি বিডিও ও স্বাস্থ্য দফতরের আধিকারিকরা। এর পূর্বে বিধানসভায় একাধিক বার লতাবাড়ি গ্রামীণ হাসপাতাল ও জয়গাঁ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র উন্নতিকরণ করার জন্য আওয়াজ তুলেছে বিধায়ক বিশাল লামা কিন্তু ঐ সময় তৃণমূল রাজ্য সরকার এই বিষয়ে কোনো গুরুত্ব দেয়নি। লতাবাড়ি হাসপাতাল এতদিন দৈন অবস্থায় ছিল আর জয়গাঁ প্রাথমিক স্ব্যাস্থ কেন্দ্রে শুধুমাত্র আউটডোর পরিষেবা চালু ছিল। আজ দুটো হাসপাতাল পরিদর্শন করে বিধায়ক বিশাল লামা জানান হাসপাতাল গুলো উন্নতিকরণ করা হবে শীঘ্র এবং আগামীকাল থেকে জয়গাঁ প্রাথমিক স্ব্যাস্থ কেন্দ্রে ২৪ ঘণ্টা পরিষেবা চালু হবে।

## নিরাপত্তাহীন ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্রীদের হোস্টেল



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ মে :** নিরাপত্তার বালাই নেই আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের চেপানী ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্রীদের হোস্টেলে। এমনটাই দেখা গেল কলেজ চত্বরে গিয়ে। কলেজ চত্বরে শেষ প্রান্তে ছাত্রীদের হোস্টেল। সীমানা প্রাচীরের উপর কোন কাঁটাতার নেই ফলে অনায়াসেই দুষ্কৃতীরা দেয়াল টপকে ঢুকে যেতে পারে ছাত্রীদের হোস্টেলে। এর আগেও এক দুষ্কৃতী হোস্টেলের পাইপ দিয়ে তিন তলায় উঠে গিয়েছিল এমনটাও শোনা গেছে কলেজের প্রিন্সিপালের কাছ থেকেই। মূল ফটক থেকে শুরু করে ছাত্রীদের হোস্টেলের ফটক সব সময় খোলা রয়েছে। ছাত্র-ছাত্রী বাদ দিয়েও সাধারণ মানুষের অভাব যাতা কলেজ চত্বরে। কলেজের প্রিন্সিপাল জানিয়েছেন ১৫ জন নিরাপত্তা রক্ষী তিনি চেয়েছিলেন কিন্তু সেখানে দেওয়া হয়েছে মাত্র ছয়জন নিরাপত্তা রক্ষী। নিরাপত্তা রক্ষীর অভাবে নিরাপত্তাহীনতায় ভুগছে ইঞ্জিনিয়ারিং কলেজ। যদিও প্রিন্সিপাল জানিয়েছেন বেসরকারি সংস্থা এ নিরাপত্তা রক্ষী বাহিনীর দায়িত্ব রয়েছে। তবে যে কোন সময় বড় ধরনের কোন অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে ইঞ্জিনিয়ারিং কলেজে বড় ধরনের দুর্ঘটনা ঘটলে দায়িত্ব কি এড়িয়ে যেতে পারবেন কলেজের প্রিন্সিপাল প্রশ্ন থেকেই যাচ্ছে।

## কালচিনিতে জনজাতি গৌরব উৎসব



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ মে :** কালচিনি ব্লক জুড়ে শুরু হল'জনজাতি গৌরব উৎসব' নামে বিশেষ সরকারি পরিষেবা শিবির যার অধীনে একই শিবিরে রেশন কার্ড সংক্রান্ত কাজ, স্বাস্থ্য পরীক্ষা, আয়ুষ্মান ভারত কার্ডের নথিভুক্তিকরণ এবং এসটি শংসাপত্র, ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত সমস্যা ও বিদ্যুৎ পরিষেবা সম্পর্কিত অভিযোগ সহ বিভাগের পরিষেবা পাবেন সাধারণ মানুষ। আগামী ২৫ মে অবদি এই শিবির চলবে বলেও জানানো হয়।এ বিষয়ে প্রশাসনের কর্তারা জানান, ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত স্তরে এই শিবির হচ্ছেন।যার ফলে বাড়ির কাছেই অনায়াসে সরকারি পরিষেবা পাচ্ছেন বাসিন্দারা।

# চা সুন্দরী ঘরের জন্য গরীব মানুষকে দিতে হয়েছে টাকা তৃণমূল নেতাদের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ মে :** সরকার পরিবর্তন হওয়ার সাথে সাথেই কাটমানি নেওয়ার অভিযোগ পুলিশের কাছে জমা পড়ল তৃণমূলের আলিপুরদুয়ার দুই পঞ্চায়েত সমিতির সভাপতি স্বামী তথা কোহিনুর গ্রাম পঞ্চায়েতের তাঁবড় নেতা নারায়ন দাস সহ ওই এলাকার পঞ্চায়েত এবং এক তৃণমূল নেতার বিরুদ্ধে। তবে তৃণমূল নেতাদের পুলিশ গ্রেফতার করতে পারবে কিনা তা নিয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে। অভিযোগ যার সুন্দরী প্রকল্প পাওয়ার কথা চা বাগানের শ্রমিকদের। কিন্তু আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের তৎকালীন বিডিও নিমা শেরিং শেরপা চা শ্রমিক থেকে শুরু করে সাধারণ বাসিন্দাদের চা সুন্দরী প্রকল্প দিয়ে দিয়েছেন। কোহিনুর গ্রাম পঞ্চায়েতের ধওলাঝোড়া চা বাগানের শ্রমিকরা বঞ্চিত হয়েছেন এই চা সুন্দরী প্রকল্প থেকে অথচ কোহিনুর গ্রাম পঞ্চায়েতের ডাঙ্গী চৌপতি এলাকার কয়েকশো বাসিন্দা এই চা সুন্দরী প্রকল্পের ঘর পেয়েছেন। চা সুন্দরী প্রকল্প নিয়ে দুর্নীতি হয়েছিল এমন অভিযোগ আগেই ছিল । এবার চা সুন্দরী প্রকল্প নিয়ে কাটমানির অভিযোগ প্রকাশ্যে এলো শামুকতলা থানার পুলিশের কাছে অভিযোগ দায়ের করার পরেই। এলাকার বাসিন্দা দীপক দেবনাথ অভিযোগ করেছেন আলিপুরদুয়ার ২ পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুমা দাস দেবনাথের স্বামী তথা কোহিনুর গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের নেতা নারায়ণ দাস এলাকার পঞ্চায়েত সদস্য মনীন্দ্র মজুমদার এলাকার তৃণমূল নেতা বালক দেবনাথ একত্রিত হয়ে দীপক দেবনাথ মদন দেবনাথ নমিতা মজুমদার রামপ্রসাদ দাস সহ অনেকের কাছেই ১০ থেকে ১২ হাজার টাকা করে নিয়েছেন ভয় দেখিয়ে। তাদের আরো অভিযোগ ডাঙ্গী এলাকায় তৃণমূল নেতাদের কাট মানি না দিলে কোন কাজ করা যেত না। তবে অভিযোগ নিয়ে শামুকতলা থানার পুলিশ জানিয়েছে ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# শামুকতলা ডাঙ্গী এলাকায় ট্রাক্টরের দাপাদাপি নেই পালা বদলের জেরে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ মে :** রাজ্যে পালা বদলের পরেই তৃণমূলের হেভি ওয়েট নেতাদের ট্রাক্টর আর চলছে না শামুকতলা থানার ডাঙ্গী এলাকায়। ভোট গণনার আগেও শামুকতলা থানার পুলিশের সঙ্গে হাতে হাত মিলিয়ে তৃণমূলের নেতারা বালি পাথর ধাড়সী নদী থেকে তুলে বিক্রি করতেন জনতার কাছে। কোহিনুর গ্রাম পঞ্চায়েতের ডাঙ্গি এলাকায় দাপিয়ে বেড়াতেন তৃণমূলের নেতারা। সাধারণ ট্রাক্টর চালক নদী থেকে বালি পাথর তুলতে পারতেন না কয়েকজন নেতার দাপটে। তৃণমূল নেতাকে হপ্তা দেওয়ার পরেই ডাঙ্গী এলাকা থেকে বালি পাথ তুলতে পারতেন। সংবাদ মাধ্যমে প্রতিনিধিদের ওই এলাকায় গেলে নেতাদের বলে খবর করার কথাও তারা বলতেন। নেতার নির্দেশ ছাড়া কোন খবর করা যাবে না প্রায়শই হুমকি আসতো সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের। ভোট গণনার পরদিন থেকেই কোহিনুর গ্রাম পঞ্চায়েতের ডাঙ্গী শ্মশান ঘাট এলাকায় নদীর পাড়ে পড়ে রয়েছে বালি পাথর কিন্তু ট্রাক্টর চালকদের দেখা নেই। ভোট গণনার আগেও পুলিশকে অভিযোগ জানিও কোন কাজ হয়নি। বকলমে পুলিশকে নিয়ন্ত্রণ করত তৃণমূল নেতা। শামুকতলা থানার স্বর্গ রাজ্য ছিল কোহিনূর গ্রাম পঞ্চায়েত এলাকা। মারপিট দাঙ্গা হাঙ্গামা তোলাবাজি তে আনার শিষ্য তালিকায় নাম ছিল কোহিনুর গ্রাম পঞ্চায়েতের ডাঙ্গীর এমন কথাও শোনা গেছে শামুকতলা থানায় গিয়ে কান পাতলে।

# হারিয়ে যাওয়া মোবাইল ফিরে পেল প্রকৃত মালিকরা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ মে :** বিভিন্ন সময়ে হারিয়ে যাওয়া ৩৫ টি মোবাইল প্রকৃত মালিকদের হাতে তুলে দিলো আলিপুরদুয়ার জেলা পুলিশ মঙ্গলবার দুপুরে এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে। গত দুমাস ধরে আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন প্রান্তে মোবাইল হারিয়ে যাওয়ার পর আলিপুরদুয়ার থানায় অভিযোগ দায়ের করা হয়েছিল। অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত করে হারিয়ে যাওয়া মোবাইলগুলি উদ্ধার করা হয়। মঙ্গলবার ৩৫টি মোবাইল প্রকৃত মালিকদের হাতে তুলে দিলো আলিপুরদুয়ার জেলা পুলিশ।

# জাতীয় সড়কে অভিযান পুলিশ আধিকারিকদের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ মে :** ৩১ নম্বর জাতীয় সড়কে একের পর এক দুর্ঘটনা ঘটছে কৃষকেরা ভুট্টা বিছানোর দরুন। মঙ্গলবার ডিএসপি ট্রাফিক শান্তনু তরফদার শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক শামুকতলা থানার ট্রাফিক অফিসার বাবুল রায় একযোগে অভিযান চালায় জাতীয় সড়কে। মজিদখানা থেকে কামাখ্যাগুড়ি পর্যন্ত জাতীয় সড়কে বিছানো ভুট্টার মালিকদের কড়া সতর্ক বার্তা দেওয়া হয়। জাতীয় সড়ক থেকে পুলিশ আধিকারিকরা নিজেরা দাঁড়িয়ে থেকে কৃষকদের ভুট্টা তুলে নিতে বাধ্য করান। পুলিশ সূত্রে জানা গেছে প্রতিনিয়ত এই অভিযান চলবে এরপর জাতীয় সড়কে কৃষকরা ভুট্টা শুকাতে দিলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এদিকে পুলিশের পক্ষ থেকেই একত্রিশ নম্বর জাতীয় সড়কে ধান গম ভুট্টা বিছানো নিয়ে প্রচার করা হয়। জাতীয় সড়ক ব্যবহার করে কোন কৃষক ধান গম ভুট্টা বিছালে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে স্পষ্ট হতে জানিয়ে দেওয়া হয় প্রচারের মাধ্যমে।

# ছেলের যাবত জীবনের নির্দেশ বাবাকে খুন করার অভিযোগে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ১৯ মে :** মদ্যপ অবস্থায় ধারালো অস্ত্র দিয়ে বৃদ্ধ বাবাকে খুন করার অভিযোগে এক ব্যক্তিকে মঙ্গলবার যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিল আলিপুরদুয়ার জেলা আদালত। ঘটনাটি ঘটেছিল ২০২৪ সালের ১৮ জুলাই রাতে আলিপুরদুয়ার জেলার সোনাপুর পুলিশ ফাঁড়ির অন্তর্গত দক্ষিণ চকওয়াখেতি গ্রামে।অভিযোগ অনুযায়ী, দোষী সাব্যস্ত বাবলু বর্মন মদ্যপ অবস্থায় বাড়ি ফিরে তাঁর বাবা জগবন্ধু বর্মনের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন। বৃদ্ধ বাবা ছেলের অশোভন আচরণের প্রতিবাদ করেন এবং তাকে বাড়ি থেকে বের করে দেওয়ার চেষ্টা করেন। এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে বাবলু একটি ধারালো দাও দিয়ে বাবার উপর হামলা চালায়। আক্রমণে গুরুতর জখম হন জগবন্ধু বর্মন এবং বাড়ির ভেতর রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন। পরিবারের সদস্য ও স্থানীয় বাসিন্দারা তাঁকে আশঙ্কাজনক অবস্থায় আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন। ঘটনার রাতেই পুলিশ বাবলু বর্মনকে গ্রেফতার করে এবং তার বিরুদ্ধে খুনের মামলা রুজু হয়। মামলার শুনানির সময় অভিযোগপক্ষ আদালতে ১৪ জন সাক্ষী পেশ করে। উভয় পক্ষের সওয়াল-জবাব এবং প্রমাণ খতিয়ে দেখে মঙ্গলবার আলিপুরদুয়ার জেলা আদালত বাবলু বর্মনকে খুনের অপরাধে দোষী সাব্যস্ত করে। আদালত তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডের পাশাপাশি ২০ হাজার টাকা জরিমানার নির্দেশ দেয়। অনাদায়ে অতিরিক্ত ছয় মাসের কারাদণ্ড ভোগ করতে হবে।রায় প্রসঙ্গে সরকারি আইনজীবী সুহ্রীদ মজুমদার বলেন, "এই রায় আবারও প্রমাণ করল যে গুরুতর অপরাধ করে কেউ আইনের হাত থেকে রেহাই পেতে পারে না।"

# রাতের বেলায় নাশকতা ঠেকাতে কুকুর নিয়ে তল্লাশি




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ মে :** আলিপুরদুয়ার জেলা পুলিশের নির্দেশে জয়গাঁ থানার পুলিশের পক্ষ থেকে স্নিফার ডগ দিয়ে তল্লাশি চালানো হলো মঙ্গলবার রাতে এমনটাই জানা গেছে জয়গা থানার ওসি নয়ন দাসের কাছ থেকে। মাদক বিরোধী ব্যবসা থেকে শুরু করে অপরাধ ঠেকাতে জয়গার মহকুমা শাসকের নেতৃত্বে এই অভিযান হয় মঙ্গলবার রাতে। রাস্তায় চলা গাড়ি থেকে শুরু করে গাড়িতে থাকা যাত্রীদের তল্লাশি করা হয় স্নিফার ডগ দিয়েই। তল্লাশি লাগাতার ভাবে চলতে থাকবে জানা গেছে জয়গাঁ থানার ওসির কাছ থেকে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |